

Virtual Interaction between Prime Minister Shri Narendra Modi and President of USA Joseph R. Biden

April 10, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন রাষ্ট্রপতি জোসেফ আর. বাইডেনের মধ্যে ভার্চুয়াল আলাপচারিতা

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১১ই এপ্রিল ২০২২ তারিখে মার্কিন রাষ্ট্রপতি জোসেফ আর. বাইডেনের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করবেন। দুই নেতার মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা, দক্ষিণ এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলী, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পরিস্থিতি এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন আন্তর্জাতিক বিষয় নিয়ে কথা হবে। দ্বিপাক্ষিক সার্বিক কৌশলগত অংশীদারিত্বকে শক্তিশালী করার লক্ষ্যে দুই দেশ একে অপরের সঙ্গে নিয়মিত উচ্চ পর্যায়ের যে সংযোগ বজায় রাখে, এই ভার্চুয়াল বৈঠক সেই প্রক্রিয়াকে আরও গতি দেবে।

দুই শীর্ষ নেতার ভার্চুয়াল বৈঠকের পর চতুর্থ ভারত-মার্কিন ২+২ মন্ত্রী পর্যায়ের বার্তালাপ আয়োজিত হবে। ভারতের পক্ষে এই বার্তালাপের নেতৃত্ব দেবেন প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং এবং বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষে প্রতিনিধিত্ব করবেন প্রতিরক্ষা সচিব লয়েড অস্টিন এবং বিদেশ সচিব অ্যান্টনি ব্লিন্কেন।

নতুন দিল্লী

এপ্রিল 10, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.